



প্রতিবেশী দেশে হামলা না চালানোর ঘোষণা ইরানের প্রেসিডেন্টের



ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ছবি: রয়টার্স

সাম্প্রতিক হামলার ঘটনায় প্রতিবেশী দেশগুলোর প্রতি দুঃখ প্রকাশ করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। তিনি জানিয়েছেন, ইরানের ওপর আগে আঘাত না এলে প্রতিবেশী কোনো দেশের বিরুদ্ধে আর সামরিক পদক্ষেপ নেওয়া হবে না।

শনিবার (৭ মার্চ) রাষ্ট্রীয় টেলিভিশনে প্রচারিত এক ভিডিও বার্তায় তিনি এই অবস্থান স্পষ্ট করেন। পেজেশকিয়ান বলেন, সাম্প্রতিক ঘটনাগুলোতে যেসব প্রতিবেশী দেশ ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের কাছে দুঃখ প্রকাশ করা প্রয়োজন বলে তিনি মনে করেন।

তিনি আরও বলেন, প্রতিবেশী রাষ্ট্রগুলোর সঙ্গে সংঘাত ইরানের কাম্য নয়। তাই ভবিষ্যতে যদি কোনো দেশ আগে থেকে আক্রমণ না করে, তাহলে তাদের বিরুদ্ধে ইরানও কোনো ধরনের হামলা চালাবে না।

একই সঙ্গে তিনি সতর্কবার্তাও দেন। তার ভাষায়, বর্তমান পরিস্থিতিতে কাজে লাগিয়ে যদি কেউ ইরানের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার কথা ভাবেন, তবে তারা যেন অন্য শক্তির প্রভাবের হাতিয়ার হয়ে না ওঠেন।

ভিডিও বার্তায় ইরানের প্রেসিডেন্ট আরও বলেন, ইসরায়েল বা যুক্তরাষ্ট্রকে সমর্থন করা কোনো দেশের জন্য মর্যাদা ও স্বাধীনতার পথ তৈরি করে না।

সূত্র: বিবিসি